প্রাপ্তবয়স্কদের জন্য

একান্ত নির্জনেঃ

# গোপন আলাপ

বা

তানহায়ী কি সবক

মুফতী হাকীম আল্লামা আশরাফ আমরহী

# একান্ত নির্জনেঃ
# গোপন আলাপ

বা

تنہائی کے سبق

মূল

**মুফতী আল্লামা হাকীম আশরাফ আমরহী**

অনুবাদ ও সংযোজনায়

**মাওলানা আবু বকর সিদ্দীক**
উচ্চতর আরবী ভাষা ও সাহিত্য
জামেয়া ইসলামিয়া যাত্রাবাড়ী, ঢাকা।
সাবেক মুহাদ্দিস জামেয়া ইসলামিয়া সোনারং
টঙ্গীবাড়ী, মুন্সীগঞ্জ।

প্রকাশনায়
**রংধনু পাবলিকেশন্স**

## এ বই পড়ার আগে

পুরুষ ঃ কথায় প্রবল কাজে দুর্বল

মহিলা ঃ বুক ফাটে মুখ ফাটে না

## এ বই পড়ার পরে

পুরুষঃ কথায় যেমন কাজেও তেমন

মহিলা ঃ মুখ ফাটে বুক আর ফাটে না

## সূচীপত্র

বালেগ হওয়ার আলামত....................................................১৩
বিবাহের গুরুত্ব....................................................................১৩
বিবাহের উপকারিতা.............................................................১৪
ইলমের শ্রেণী বিন্যাস ও তার গুরুত্ব......................................... ১৪
সহবাস বিষয়ে জ্ঞান থাকা ও নীতিমালা অনুসরণ করা.......................১৫
দীর্ঘদিন সহবাস না করার ক্ষতি..................................................১৫
সহবাসের নীতিমালা................................................................১৬
যেসব অবস্থায় সহবাস করা অনুচিত...........................................১৯
যাদের জন্য সহবাস করা ঠিক নয়...............................................২১
যেসব অবস্থায় সহবাস করা ঠিক নয়.......................................... ২২
নিম্নোক্ত অবস্থাতেও সহবাস করা অনুচিত.................................... ২২
সহবাস করার পদ্ধতি.......................................................... ২৪
যেভাবে মহিলাদের কাম-উত্তেজনা জাগাতে হবে............................ ২৪
সহবাসের গুরুত্ব................................................................. ২৫
সহবাসের সূচনা.................................................................. ২৫
সহবাসের পর যা করতে হবে.................................................. ২৬
গর্ভ সঞ্চারের তরীকা.......................................................... ২৭
সহবাস থেকে ফারেগ হয়ে যে আমল করতে হবে.......................... ২৮
সহবাসের পর যে খাবার খেতে হবে......................................... ২৮
সহবাসের উত্তম সময়........................................................... ২৮
মহিলাদের যৌনচাহিদার আলামত............................................. ২৯
পুরুষ ও মহিলার উত্তেজনায় পার্থক্য........................................... ৩০
পূর্ণ তৃপ্তি......................................................................... ৩০
মহিলাদের কখন অধিক যৌন চাহিদা জাগে................................. ৩০
মধ্যমপন্থায় সহবাস করবে...................................................... ৩১
নিম্নোক্ত লোকদের অধিক সহবাস করা খুবই ক্ষতিকর..................... ৩২
অধিক সহবাসের ক্ষতি............................................................ ৩২

অধিক সহবাসে স্ত্রীও ক্ষতিগ্রস্ত হয়........................................ ৩২
গর্ভবতী মহিলাকে খুব সতর্ক হতে হবে........................................ ৩৩
সহজে সন্তান ভুমিষ্টের পরীক্ষিত আমল........................................ ৩৪
সন্তান প্রসবে যে মহিলার খুব কষ্ট হয়........................................ ৩৪
সাময়িক সময়ের জন্য জন্মনিয়ন্ত্রন পদ্ধতী গ্রহণ........................................ ৩৪
সহবাসের পরও গর্ভবতী না হওয়ার পদ্ধতি........................................ ৩৫
বারবার গর্ভপাত হয়ে যাওয়া........................................ ৩৫
স্বামী স্ত্রীর বীর্য দ্বারাই সন্তান ভুমিষ্ট হয়........................................ ৩৬
সুন্দর সন্তান জন্মের কৌশল........................................ ৩৭
সৎ সন্তান লাভের চমৎকার আমল........................................ ৩৭
ছেলে সন্তান কামনা........................................ ৩৮
মেয়ে সন্তান জন্মের পদ্ধতি........................................ ৪০
সহবাসে নীতিমালা থাকা আবশ্যক........................................ ৪০
স্বামীর জন্য শিক্ষনীয় কথা........................................ ৪০
স্তন ও দুধ বিষয়ক কিছু কথা........................................ ৪১
শালদুধের গুরুত্ব........................................ ৪১
বুকের দুধ খাওয়ালে মা ও শিশু উভয়েরই উপকার........................................ ৪২
শিশুর উপকার........................................ ৪২
মায়ের উপকার........................................ ৪২
বুকের দুধের উপকারিতা........................................ ৪২
বুকের দুধ খাওয়ানোর পদ্ধতি........................................ ৪৩
বুকের দুধ বাড়ানোর উপায়........................................ ৪৪
শিশু যথেষ্ট পরিমাণ দুধ পাচ্ছে কি না বোঝার উপায়........................................ ৪৫
শিশুদের স্তন্যদানে করণীয় বিষয়........................................ ৪৫
বালক সাবালক হওয়ার লক্ষণ........................................ ৪৬
বালিকা সাবালিকা হওয়ার লক্ষণ........................................ ৪৬
স্বামী-স্ত্রীর রতি শক্তির পার্থক্য........................................ ৪৬
মানব দেহের উপাদান........................................ ৪৭
মানুষের জীবন পাঁচ স্তরে বিভক্ত........................................ ৪৭
পুরুষের জননতন্ত্র........................................ ৪৭
পুরুষাঙ্গ........................................ ৪৮
লিঙ্গমনি ও অগ্রচ্ছদা........................................ ৪৮
মুত্রনালী........................................ ৪৯

শুক্রাশয়........................................................ ৪৯
শুক্র জীবানুর পরিচয়........................................ ৫০
শুক্র জীবানু সঞ্চার নালী.................................... ৫০
প্রসটেট গ্রন্থি.................................................. ৫১
কাউপার গ্রন্থি.................................................. ৫২
বস্তী প্রদেশ.................................................... ৫২
শুক্র বা বীর্যের উৎপত্তি...................................... ৫২
লিঙ্গের গঠন প্রণালী.......................................... ৫৩
লিঙ্গের কাজ কি................................................ ৫৩
উত্তেজনা কিভাবে হয়........................................ ৫৪
পুরুষাঙ্গ বিষয়ে কিছু কথা.................................. ৫৫
বীর্যপাতের পর ফরয গোসল.............................. ৫৮
অণ্ডকোষ সম্পর্কে কিছু ধারণা............................ ৫৮
দীর্ঘক্ষণ সহবাস করার পদ্ধতি............................ ৫৮
বিলম্বে বীর্যপাত................................................ ৫৯
মহিলাদের যৌন চাহিদা কমানো.......................... ৬০
পুরুষাঙ্গের প্রকারভেদ...................................... ৬০
শশকীয় পুরুষাঙ্গের পরিচয়................................ ৬০
বৃষকীয় পুরুষাঙ্গের পরিচয়................................ ৬০
অশ্বকীয় পুরুষাঙ্গের পরিচয়.............................. ৬১
স্ত্রী প্রজননতন্ত্রের পরিচয়.................................. ৬১
যোনী প্রদেশ.................................................... ৬১
কামাদ্রি........................................................... ৬১
বৃহদৌষ্ঠ........................................................... ৬২
ক্ষুদৌষ্ঠ............................................................ ৬২
ভগাঙ্কুর............................................................ ৬২
মুত্রনালী........................................................... ৬৩
যোনী-নালী...................................................... ৬৩
সতীচ্ছদ........................................................... ৬৪
কুমারী মেয়েলোকের সতীচ্ছদ হয় কিনা.............. ৬৪
স্ত্রী-প্রজননতন্ত্রের আভ্যন্তরীণ অঙ্গগুলোর নাম..... ৬৫
জরায়ু.............................................................. ৬৬
ডিম্বকোষ......................................................... ৬৬

ডিম্ববাহী নল.................................................................. ৬৭
যৌনাঙ্গের প্রকারভেদ.......................................................... ৬৭
হরিণী যোনি বা যৌনাঙ্গ...................................................... ৬৭
ঘোটকী যোনি বা যৌনাঙ্গ.................................................... ৬৮
হস্তীনি যোনি বা যৌনাঙ্গ..................................................... ৬৮
নারীর যোনি...................................................................... ৬৮
মহিলাদের ঋতুস্রাব বা হায়েজ............................................. ৬৯
হায়েয সম্পর্কে ভুল ধারণা.................................................... ৬৯
জরুরি কথা........................................................................ ৭০
ঋতুস্রাব বা হায়েজের সময়কাল বা স্থায়িত্ব................................ ৭০
হায়েজের নিয়মিত নির্দিষ্ট সময়কাল (মুদ্দত)............................. ৭০
হায়েজের রং ও পরিমাণ....................................................... ৭১
বেশি রক্তস্রাবের কারণ ও প্রতিকার........................................ ৭১
প্রতিষেধক.......................................................................... ৭২
হায়েযের কতিপয় মাসআলা................................................... ৭২
নেফাস বিষয়ক কিছু কথা..................................................... ৭৪
নেফাসের কতিপয় মাসআলা.................................................. ৭৪
হায়েয-নেফাসের বিবিধ মাসায়েল........................................... ৭৫
ইস্তেহাযার পরিচয়................................................................ ৭৭
ইস্তেহাযার হুকুম ও মাসায়েল................................................ ৭৮
গর্ভপাত ও এম আর বিষয়ক মাসায়েল.................................... ৭৮
ধ্বজভঙ্গ পুরুষের পরিচয়....................................................... ৭৯
ধ্বজভঙ্গ রোগ চেনার উপায়................................................... ৭৯
ধ্বজভঙ্গের প্রাথমিক তদবীর.................................................. ৮০
স্বপ্নদোষ রোগ..................................................................... ৮১
অধিক বীর্যপাত ও মাত্রাতিরিক্ত স্বপ্নদোষের ক্ষতি........................ ৮২
স্বপ্নদোষ রোগের বিভিন্ন কারণ............................................... ৮৩
স্বপ্নদোষ রোগের চিকিৎসা..................................................... ৮৩
যৌনশক্তি বৃদ্ধির অন্যতম উপায় হল মিসওয়াক করা................... ৮৬
যিনা ব্যভিচারের ক্ষতি.......................................................... ৮৭
যিনা ব্যভিচারের বিশেষ ছয়টি ক্ষতি......................................... ৮৮
সমকামিতা বিষয়ক কিছু কথা................................................. ৯০
হস্তমৈথুন বিষয়ক কিছু কথা................................................... ৯১

জরুরি হেদায়াত........................................................ ৯২
মহিলাদের সমকামিতা.................................................. ৯৩
সমকামি নারীদেরকে চেনার উপায়.................................... ৯৪
সমকামিতা রোগ থেকে বাঁচানোর তদবীর............................. ৯৫
বিভিন্ন বিষয়ে কয়েকটি হাদীস............................................ ৯৬
সুখের সংসার গড়তে স্বামী-স্ত্রীর দায় দায়িত্ব.......................... ৯৭
সাংসারীক জীবনে কলহের কারণ....................................... ৯৮
সাংসারিক জীবনে কলহের প্রতিকার.................................... ৯৯
যেভাবে জীবন চালাতে হবে.......................................... ১০৩
মেসওয়াক করার দশটি বিশেষ উপকারিতা........................ ১০৫
মেসওয়াকের কাঠ..................................................... ১০৫
মেসওয়াক করার নিয়ম.............................................. ১০৬
পরীক্ষিত কার্যকরী আমল............................................ ১১০
মরদামী শক্তি বৃদ্ধির রূহানী চিকিৎসা............................ ১১০
সঠিক কথা........................................................... ১১০

## বালেগ হওয়ার আলামত

ইতিপূর্বে আমি 'একান্ত গোপনীয় কথা' বইয়ে উল্লেখ করেছি যে, সকল ব্যক্তির জন্যই প্রাপ্তবয়সে পৌছে বিবাহ করা আবশ্যক হয়ে পড়ে। বালেগ বা প্রাপ্তবয়সে পৌছার আলামত নিম্নরূপ—

১। জাগ্রত বা ঘুমন্তাবস্থায় স্বপ্নদোষ বা বীর্যপাত হওয়া।

২। উত্তেজনাসহ বীর্যপাত হওয়া।

৩। গুপ্তাঙ্গে পশম গজানো। যেমন- বগলের নীচে, নাভীর নীচে, নাকের মাঝে। তদ্রূপভাবে দাড়ি, গোফ গজানো অথবা ছেলেদের বয়স পনের বয়সে পৌছা। তেমনিভাবে মেয়েদের জন্য ঋতুস্রাব দেখা দেয়া। বর্তমানে বার/তের বছরের ছেলেদের মাঝেও জৈবিক চাহিদা প্রকাশ পাচ্ছে। মেয়েরাও এদিক দিয়ে পিছিয়ে নেই, ছোট ছোট মেয়েরাও গর্ভবর্তী হয়ে যাচ্ছে।

## বিবাহের গুরুত্ব

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেন- 'বিবাহ আমার সুন্নাত। যে ব্যক্তি আমার সুন্নত পালনে অনাগ্রহী হবে, সে আমার উম্মতের অন্তর্ভুক্ত নয়।' অর্থাৎ সে আমার তরীকার উপর নেই। তিনি আরও বলেন 'বিবাহ হল ঈমানের অর্ধেক'। এ হাদীসের উদ্দেশ্য হল, বিবাহের পূর্বে কৃত আমলের গুরুত্ব শরীয়তে অর্ধেক। আর বিবাহের পর কৃত আমল স্বয়ংসম্পূর্ণ।

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিবাহ বিষয়ে আরও বলেন, 'যে ব্যক্তি মহিলার অর্থ-সম্পদ প্রাপ্তির আশায় বিবাহ করবে, আল্লাহ্ তাআলা তাকে নিঃস্ব বানিয়ে রাখবেন।' অর্থাৎ স্ত্রীর অর্থ-সম্পদ দ্বারা তাকে উপকৃত হতে দিবেন না। আর যে মেয়ের অভিজাত বংশের খেয়াল করে বিবাহ করবে, দিন দিন তার অসভ্যতা বৃদ্ধিই পেতে থাকবে। আর যে যিনা ব্যভিচার থেকে বাঁচতে, নিজের মান-সম্মান বহাল রাখতে এবং আত্মীয়তার সম্পর্ক গড়ার উদ্দেশ্যে বিবাহ করবে, আল্লাহ তাআলা তার বিবাহে বরকত দান করবেন।

### বিবাহের উপকারিতা

বুযর্গ ব্যক্তিগণ বলেন, বিবাহের পাঁচটি উপকারিতা রয়েছে। যথা–

❖ জৈবিক চাহিদা নিজ ইচ্ছাধীন থাকে।

❖ ঘর-বাড়ী সাজানো-গুছানো থাকে।

❖ সন্তানাদি জন্ম নেয়।

❖ সন্তানাদি ও স্ত্রীর খবরা-খবর নেয়ার জন্য নিজেকে সর্বদা প্রস্তুত রাখতে হয়। সবচেয়ে বড় কথা হল এর দ্বারা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নত পালন করা হয়।

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এরশাদ করেন- 'তোমরা এমন মহিলাদেরকে বিবাহ করবে, যাদের থেকে সন্তানাদি বেশি হয়। আমি যেন কিয়ামতের দিন আমার উম্মতের সংখ্যাগরিষ্ঠতায় গর্ব করতে পারি।'

### ইলমের শ্রেণী বিন্যাস ও তার গুরুত্ব

ইল্‌ম এর অর্থ হচ্ছে- জানা, জ্ঞাত হওয়া। ইলম এমন একটি প্রদীপ বা বাতি, যার দ্বারা ভালো-মন্দ, হালাল-হারাম জানা যায়। হাদীসে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন- 'সকল মুসলমান নর-নারীর জন্য ইলমে দীন শিক্ষা করা ফরয।' আর স্ত্রী সহবাস বিষয়ক ইলমও এমন একটি ইলম, যার জ্ঞান রাখা সকল মুসলমান নারী-পুরুষের জন্য আবশ্যক। কোনো পুরুষ বা মহিলা এ জ্ঞান শিক্ষা করা থেকে মুক্ত থাকতে পারবে না। কিন্তু বড়ই আশ্চর্যের কথা যে, এ বিষয়ে জ্ঞানার্জনকারীকে বাঁকা দৃষ্টিতে দেখা হয়। অথচ দীন-দুনিয়া উভয়টির ক্ষেত্রেই এ বিষয়ে জ্ঞান রাখা অনেক জরুরি। যদি কোনো ব্যক্তি সঠিক পথে থাকে এবং নিজে সঠিকভাবে চলে, তাহলে সে কখনো এ ইলম শিক্ষা করাকে দোষণীয় মনে করতে পারে না। কেননা সকল শ্রেণীর মানুষ, চাই সে সাধারণ হোক বা সর্বোচ্চ সম্মানের আসনে অধিষ্ঠিত হোক না কেন; স্ত্রী সহবাসের প্রয়োজনীয়তা সে অনুভব করবেই। দুনিয়ার জীবনে বিবাহ করার গুরুত্ব অনুভব করবে। যে মহিলা আল্লাহ্ তাআলাকে রাজী-খুশি করার উদ্দেশ্যে বিবাহ বন্ধনে আবদ্ধ হবে, আল্লাহর নিকট সে অনেক বড় সাওয়াব প্রাপ্তির অংশীদার হয়ে যাবে।

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, 'তোমাদের মধ্যে সেই ব্যক্তিই সর্বোত্তম, যে তার স্ত্রীর নিকট উত্তম বা তার সাথে সদাচরণ করে।' স্ত্রীর সাথে উত্তম আচরণ করতে হলেও এ বিষয়ে জ্ঞান থাকা জরুরি।